

## গর্ভাবস্থার প্রথম তিন মাস (গর্ভাবস্থার এগারো সপ্তাহ থেকে সাড়ে তেরো সপ্তাহ সময়ে) স্ক্যান করা সম্পর্কে তথ্য

### আল্ট্রাসাউন্ড স্ক্যান কী?

আল্ট্রাসাউন্ড স্ক্যান করা হল উচ্চ-ফ্রিকোয়েন্সিতে শব্দ তরঙ্গ (যা মানুষ কানে শুনতে পারে না) পাঠিয়ে ছবিতে পরিণত করা, সেগুলি সংরক্ষণ করা ও বিশ্লেষণ করার কৌশল। এই পদ্ধতিতে এই শব্দ তরঙ্গ শরীরের নির্দিষ্ট টিস্যু বা কোষগুচ্ছের মধ্য দিয়ে পাঠানো হয়। এই শব্দ তরঙ্গগুলি ক্রণের মধ্যে পাঠালে, প্রতিধ্বনি তৈরি হয় এবং আল্ট্রাসাউন্ড মেশিনের পর্দায় প্রতিধ্বনিগুলি ছবিতে রূপান্তরিত হয়।

### কীভাবে স্ক্যান করা হয়?

গর্ভাবস্থার প্রথম তিন মাস অর্থাৎ গর্ভাবস্থার এগারো সপ্তাহ থেকে সাড়ে তেরো সপ্তাহ সময়ের মধ্যে গর্ভবতী মহিলার পেটের স্ক্যান প্রায়ই করা হয়। পেটের স্ক্যান নেওয়া ছাড়া, প্রয়োজনে ট্রান্সভ্যাজাইনাল মূল্যায়নও করা হয়। এই মূল্যায়নের মাধ্যমে গর্ভবতী মহিলার পেলভিস অর্থাৎ পেটের নীচের অংশে জরায়ু, ডিম্বাশয়, ফ্যালোপিয়ান টিউব, যোনি এবং সার্ভিক্স পরীক্ষা করে দেখা হয়।

গর্ভাবস্থার এগারো সপ্তাহ থেকে সাড়ে তেরো সপ্তাহ সময়ে গর্ভবতী মহিলার পেটের স্ক্যান কেন করানো হয়?

এই সময়ে স্ক্যান করানোর প্রধান লক্ষ্যগুলি হল: ক্রণের কার্যক্ষমতা পরীক্ষা করা, নিউকাল ট্রান্সলুসেন্সি অর্থাৎ মহিলার গর্ভে বেড়ে ওঠা শিশুর সুরক্ষার জন্য তার ঘাড়ের পিছনে তরল পদার্থে ভরা একটি জায়গার পরিমাপ করা এবং ক্রণের মৌলিক দৈহিক গঠনতন্ত্রের মূল্যায়ন করা। এছাড়া, ক্রণের মধ্যে দুটোর বদলে তিনটে ক্রোমোজমের উপস্থিতিও যাচাই করা হয়। ক্রণে তিনটে ক্রোমোজম ধরা পড়লে শিশুর জন্মগত ক্রটির সম্ভাবনা থাকে। যদি আগে পরীক্ষা না করা হয়ে থাকে, এই স্ক্যানের সময় গর্ভাবস্থার বয়স, ক্রণের সংখ্যা এবং যমজ বা তার বেশি সন্তানের ক্ষেত্রে অ্যামনিওটিক থলির (ক্রণকে রক্ষা করার জন্য তরল পদার্থ ভর্তি থলে) এবং প্লাসেন্টার সংখ্যা জানা যায়।

### নিউকাল ট্রান্সলুসেন্সি (NT) পরিমাপ কী?

এনটি (NT) পরীক্ষা সমস্ত গর্ভবতী মহিলাদের অবশ্যই করানো উচিত। এটি গর্ভবতী মহিলাদের গর্ভের স্বকের সবচেয়ে ভিতরের স্তরের (ক্রণের মধ্যে বাড়তে থাকা শিশুর ঘাড়ের পিছনের জায়গা) পুরুত্ব পরিমাপ করে। এই পরীক্ষাটি যথামত পদ্ধতি মেনে এবং নিয়মিত অডিটের মধ্যে, অনুমোদিত সংস্থা দ্বারা, গর্ভাবস্থার এগারো সপ্তাহ থেকে সাড়ে তেরো সপ্তাহের মধ্যে করা উচিত। এনটি পরিমাপ ক্রণের অসঙ্গতির ঝুঁকি কমায়। এনটি পরীক্ষায় স্বকের স্তর বেশি পুরু দেখালে তা (১) ক্রণে তিনটে ক্রোমোজম (যেমন ট্রাইসোমি ২১, ১৮ এবং ১৩) থাকার সম্ভাবনা (২) অজাত সন্তানের ডাউন সিনড্রোম ও অন্যান্য বংশগত সমস্যার ঝুঁকির এবং (৩) সেই সঙ্গে কার্ণামোগাত অস্বাভাবিকতার (হৃৎপিণ্ড-সম্বন্ধীয় অসঙ্গতি) ইঙ্গিত দেয়।

### গর্ভাবস্থার প্রথম তিন মাসে মৌলিক দৈহিক গঠনতন্ত্রের মূল্যায়ন কী?

প্রাথমিক পর্যায়ে আল্ট্রাসাউন্ড স্ক্যান করলে ক্রণের প্রধান কার্ণামোগাত অস্বাভাবিকতাগুলি যাচাই করা যেতে পারে, এবং কোনও অস্বাভাবিকতা ধরা পড়লে তা আরও বিশদ মূল্যায়নের জন্য পাঠানো যেতে পারে এবং চিকিৎসা করানো যায়। তবে এটা জানানো দরকার যে, এই ধরনের প্রাথমিক পর্যায়ে, ক্রণের মৌলিক দৈহিক গঠনের মূল্যায়ন অনেকটা অজাত শিশুর মায়ের শরীরের উপর নির্ভর করে যেমন তাঁর স্থূলতা বা পেটের ভেতরের স্বকের পুরুত্ব। এছাড়া, ক্রণের কার্ণামোগাত অসঙ্গতিগুলি দ্বিতীয় ত্রৈমাসিক আল্ট্রাসাউন্ড স্ক্যানেই আরও সঠিক ভাবে শনাক্ত করা যায়।

### কোন ক্ষেত্রে গর্ভাবস্থার প্রথম তিন মাসে ক্রণের মৌলিক দৈহিক গঠনতন্ত্রের বিস্তারিত মূল্যায়ন করা উচিত?

গর্ভাবস্থার এগারো সপ্তাহ থেকে সাড়ে তেরো সপ্তাহ সময়ের মধ্যে আল্ট্রাসাউন্ড স্ক্যানে সন্দেহজনক কার্ণামোগাত অসঙ্গতি অথবা নিউকাল ট্রান্সলুসেন্সি পরীক্ষায় গর্ভবতী মহিলার গর্ভের স্বকের পুরুত্ব ৩.৫ মিলিমিটার বা তার বেশি হলে, এই সমস্ত ক্ষেত্রে বিশেষজ্ঞ চিকিৎসা সংস্থার কাছে ক্রণের মৌলিক দৈহিক গঠনতন্ত্রের আরও বিস্তারিত মূল্যায়নের জন্য পাঠানো উচিত।

**SOCIETA' ITALIANA D'IECOGRAFIA OSTETRICA E GINECOLOGICA E  
METODOLOGIE BIOFISICHE**

SEGRETERIA PERMANENTE E TESORERIA: Viadi Porta Pinciana 6-00187 Roma

FAX 066868142-Tel. 066875119

Email: [info@sieog.it](mailto:info@sieog.it) - [sieog@pec.it](mailto:sieog@pec.it) P.I. 03950511000

**গর্ভাবস্থার প্রথম তিন মাস (গর্ভাবস্থার এগারো সপ্তাহ থেকে সাড়ে তেরো সপ্তাহ সময়ে) স্ক্যান করানোর জন্য  
গর্ভবতী মহিলার সজ্ঞান সম্মতি**

**আমি (গর্ভবতী মহিলার নাম, পদবি) \_\_\_\_\_ এতদ্বারা লিখিত  
ভাবে জানাচ্ছি যে:**

- আমাকে গর্ভাবস্থার প্রথম তিনমাসে (এগারো সপ্তাহ থেকে সাড়ে তেরো সপ্তাহ সময়ে) আল্ট্রাসাউন্ড স্ক্যান সম্পর্কে সঠিকভাবে জানানো হয়েছে। আমাকে দেওয়া তথ্যের সব বিষয়বস্তু আমি বুঝতে পেরেছি।
- আমি একজন ডাক্তারের সাথে আল্ট্রাসাউন্ড স্ক্রীনিং সম্পর্কে আমার সংশয়গুলি আলোচনা করার সুযোগ পেয়েছি এবং তিনি আমার সমস্ত প্রশ্নের সন্তোষজনক উত্তর দিয়েছেন।
- আমাকে আল্ট্রাসাউন্ড স্ক্যান করানোর পরামর্শ দেওয়া হয়েছে কিন্তু আমি ভাল ভাবেই জানি যে এই স্ক্যান করানো বাধ্যতামূলক নয়। আমি আমার গর্ভাবস্থার প্রথম তিনমাসে (এগারো সপ্তাহ থেকে সাড়ে তেরো সপ্তাহ সময়ে) এই পরীক্ষাটি করাতে চাই কারণ আমার ক্রণের কোনও অসঙ্গতি থাকলে তা এই স্ক্যানে ধরা পড়বে এবং সেই অনুযায়ী প্রয়োজনীয় ডাক্তারি পরীক্ষা করানো যাবে।

**তারিখ**

**গর্ভবতী মহিলার স্বাক্ষর**